রামগড়ে বিজিবি কর্তৃক অস্ত্র উদ্ধার

রামগড় প্রতিনিধি:

খাগড়াছড়ির রামগড় উপজেলার ঝরণাটিলা নামক দুর্গম এলাকা হতে গুলিসহ দেশীয় তৈরি একটি অস্ত্র উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। মঙ্গলবার(১৪ নভেম্বর) দুপুরে পাহাড়ের ঢালুতে পরিত্যক্ত অবস্থায় অস্ত্রটি পাওয়া যায়।

বিজিবি জানায়, পার্বত্য চট্টগ্রামের উপজাতীয় আঞ্চলিক সংগঠনের সন্ত্রাসীদের অবস্থান করার গোপন সূত্রে খবর পেয়ে রামগড় জোনের বিজিবি ঝরণাটিলা নামক এলাকায় অভিযান চালায়।

মঙ্গলবার বেলা ২টার দিকে ৪৩ বিজিবির নায়েক সুবেদার মজিবুর রহমানের নেতৃত্বে ব্যাটালিয়ন সদর হতে একটি টহলদল উপজেলার পাতাছড়া ইউনিয়নের দুর্গম ঝরণাটিলা এলাকায় গিয়ে অভিযানটি চালায়। এ সময় পাহাড়ের ঢালে পরিত্যক্ত অবস্থায় দেশীয় তৈরি একটি এলজি ও ৪ রাউন্ড তাজা গুলি উদ্ধার করে বিজিবি।

টহলদলের আগমন টের পেয়ে সন্ত্রাসীরা অস্ত্রটি ফেলে পালিয়ে যায় বলে ধারণা বিজিবি’র জোন জেসিও নায়েক সুবেদার মজিবুর রহমানের। উদ্ধারকৃত অস্ত্র ও গুলি সন্ধ্যায় রামগড় থানায় হস্তান্তর করা হয়েছে।